

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩.২.১৩. তালুতের মেয়ে মীখলের সন্তান ছিল অথবা ছিল না?

তালুতের মেয়ে মীখল নিঃসন্তান ছিলেন, না তার সন্তান ছিল সে বিষয়ে বাইবেলে পরস্পরবিরোধী বক্তব্য বিদ্যমান। এক স্থানে বলা হয়েছে যে, তিনি নিঃসন্তান ছিলেন: "তালুতের কন্যা মীখলের মরণকাল পর্যন্ত সন্তান হল না।" (Michal the daughter of Saul had no child unto the day of her death)।" (২ শামুয়েল ৬/২৭, মো.-১৩)

কিন্তু এ পুস্তকেরই ১৫ অধ্যায় পরে বিপরীত তথ্য: "মহোলাতীয় ব□র্ন্সল্লয়ের পুত্র অদ্রীয়েলের জন্য তালুতের কন্যা মীখল যে পাঁচ জন পুত্র প্রসব করেছিল, তাদের নিয়ে বাদশাহ গিবিয়োনীয়দের হাতে তুলে দিলেন।" (২ শামুয়েল ২১/৮, মো.-১৩)

এখানে কোনো কোনো সংস্করণে শৌলের কন্যা 'মীখল' নামটা পরিবর্তন করে 'মেরব' (Merab) লেখা হয়েছে। আমরা উপরে কিতাবুল মোকাদ্দস-২০১৩-এর অনুবাদ লেখেছি। কেরির পাঠ একইরূপ। জুবিলী বাইবেলও একইরূপ: "মেহোলাতীয় বার্সিল্লায়ের সন্তান আদ্রিয়েলের ঘরে সৌলের কন্যা মিখাল যে পাঁচটা ছেলে প্রসব করেছিল, তাদের নিয়ে রাজা গিবেয়োনীদের হাতে তুলে দিলেন ...।" কিন্তু বাইবেল-২০০০ ও মোকাদ্দস-০৬ মীখল-এর পরিবর্তে মেরব লেখেছে: " শৌলের/তালুতের মেয়ে মেরবের গর্ভের ... পাঁচজন ছেলেকে নিয়ে গিবিয়োনীয়দের হাতে তুলে দিলেন।"

Source — https://www.hadithbd.com/books/link/?id=13970

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন